

পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮

(২০১৮ সনের ৫০ নং আইন)

পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকগণের চাকরির শর্ত নির্ধারণকল্পে প্রণীত আইন

যেহেতু পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণের চাকরির শর্ত নির্ধারণকল্পে গঠিত জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন, ২০১৫ এর সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত আইন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

- ১। (১) এই আইন পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।
- (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- (৩) এই আইন সমগ্র বাংলাদেশের পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-
- (ক) “কমিশন” অর্থ ৮ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২২ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত রেজলিউশন নং-৪০.০০.০০০০.০১৬.৩১.০১.২০১৫-১২১-এর দ্বারা গঠিত জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন, ২০১৫;
- (খ) “নাইট শিফট” অর্থ প্রতিদিনের কাজ বিভিন্ন শিফটে সম্পন্ন করা হয়, এইরূপ রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত্রি ১২ (বারো) টার পরে পরিচালিত কোনো শিফট;
- (গ) “পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান” অর্থ সরকারের মালিকানাধীন, রাষ্ট্রায়ত্ত্ব, সরকারে ন্যস্ত বা সরকার কর্তৃক পুনঃগ্রহণকৃত (taken over) পণ্য উৎপাদনশীল-
- (অ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন,